

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৮.৩৫০.১২-১৯২

তারিখঃ ১২ শ্রাবণ ১৪২৭
২৭ জুলাই ২০২০

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৪৬৬৩/২০১০ মামলার ১০/০৩/২০১০ খ্রি. তারিখের রায়ের বিবুকে আপীল দায়েরের বিলদ্বের কারণ ও এ সম্পর্কে দায়ী ব্যক্তির (বর্তমান অবস্থান উল্লেখপূর্বক) বিস্তারিত তথ্য প্রেরণ।

- সূত্রঃ
- (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৮.৩৫০.১২-১৮, তারিখ: ০৬/০১/২০১৯ খ্রি।
 - (২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৮.৩৫০.১২-৪৫৬, তারিখ: ২২/১১/২০১৮ খ্রি।
 - (৩) মাউশি অধিদপ্তরের স্মারক নং-ওএম/১১০/আইন/২০১০/৪৯৯৫, তারিখ: ০৮/০২/২০১২ খ্রি।
 - (৪) মাউশি অধিদপ্তরের স্মারক নং-ওএম/১১০/আইন/২০১০/২৮৭৭১/৫ জিএ, তারিখ: ২০/০৯/২০১২ খ্রি।
 - (৫) মাউশি অধিদপ্তরের স্মারক নং-ওএম/১১০/আইন/২০১০/১৩২৪২/৮ জিএ, তারিখ: ৩০/০৮/২০১৩ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন আল-হেদায়া ইসলামীয়া মহিলা মাদ্রাসা এর সুপার কর্ড মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪৬৬৩/২০১০ দায়ের করা হয়।

০১। উক্ত রিট মামলার ১০.০৩.২০১০ খ্রি. তারিখের রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় সূত্র (৩) মূলের মাধ্যমে আপীল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডেপুটি সলিসিটর (রীট) বরাবর পত্র প্রেরণ করা হয়। এর প্রেক্ষিতে সলিসিটর উইং থেকে সরকার পক্ষে বিজ্ঞ AOR হিসেবে জনাব সামঙ্গুল আলমকে নিয়োগ দেয়া হয় মর্মে সূত্র (৪) মূলে জানা যায়।

০৩। পরবর্তীতে সূত্র (৫) মূলের মাধ্যমে বর্ণিত রিট মামলার রায়ের বিবুকে আপীল দায়েরসহ মহামান্য হাইকোর্ট বিভাগের রায় Stay করে তথ্য প্রেরণের জন্য ডেপুটি সলিসিটর (রীট) বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৪। উক্ত রায়ের বিবুকে সরকার পক্ষ কর্ড সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৪৫৫৬/১৮ দায়ের করা হলে তা ১০.০২.২০ খ্রি. তারিখে খারিজ (সময় তামাদির কারণে) হয়ে যায়। মহামান্য আপীল বিভাগের গত ১০.০২.২০ তারিখের আদেশটি নিয়ন্ত্রণ:

"The leave petition is out of time by 3192 days but the explanations offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for Leave to appeal is dismissed as barred by limitation" (কপি সংযুক্ত)।

০৫। যৌক্তিক কোন কারণ ছাড়াই ৩১৯২ দিন পর আপীল দায়ের হওয়ায় তামাদির কারণে সরকার পক্ষ দায়েরকৃত আপীল মামলা খারিজ হয়ে যায়।

০৬। উল্লেখ্য, বর্ণিত বিষয়ে মাননীয় মন্ত্রীর মন্তব্য নিয়ন্ত্রণ:
আপীল করতে অতিরিক্ত বিলদ্বের কারণ নির্ধারণ করা উচিত। কোথাও অবহেলা থাকলে তার বিবুকে যথোপযুক্ত ব্যবস্থা নেয়া "প্রয়োজন।"

০৭। "মাননীয় মন্ত্রীর উপরিউক্ত নির্দেশনা ০৬ অনুচ্ছেদ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে" মর্মে সচিব মহোদয় মন্তব্য করেছেন।

০৮। এমতাবস্থায়, উপরিউক্ত মাননীয় মন্ত্রীর নির্দেশনা অনুযায়ী রিট পিটিশন নং-৪৬৬৩/২০১০ মামলায় গত ১০.০৩.২০১০ খ্রি. তারিখের রায়ের বিবুকে আপীল দায়েরের অতিরিক্ত বিলদ্বের কারণ এবং আপীল দায়েরের ফেরে অবহেলার বিষয়ে দায়ী ব্যক্তিকে (বর্তমান অবস্থান উল্লেখপূর্বক) চিহ্নিত করে এ সম্পর্কে বিস্তারিত তথ্য আগামী ১৩.০৮.২০২০ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মির্শা) ২৯/০৭/২০
সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৮১০৫০১৫৭

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপি সময় জাতীয়ত্বের

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।